ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৯৩৪

আগরতলা,১৯ সেপ্টেম্বর,২০২৫

**নির্বাচন ব্যবস্থার পরিশোধন অব্যাহত**
**ইসিআই আরও ৪৭৪টি আরইউপিপি (RUPPs) বাদ দিল**
**আরও ৩৫৯টি আরইউপিপি বাদ দেওয়ার প্রক্রিয়া শুরু**

1. দেশের রাজনৈতিক দলগুলি (জাতীয়/রাজ্য/আরইউপিপি) জনগণ প্রতিনিধিত্ব আইন, ১৯৫১-এর ধারা ২৯(এ)-এর অধীনে ভারতের নির্বাচন কমিশনের (ইসিআই)-এর নিকট নিবন্ধিত হয়।
2. এই আইনের অধীনে, একবার কোনো সমিতি রাজনৈতিক দল হিসাবে নিবন্ধিত হলে, তারা প্রতীক, কর ছাড়সহ নানা সুবিধা ও বিশেষাধিকারের অধিকারী হয়।
3. রাজনৈতিক দল নিবন্ধনের নির্দেশিকায় উল্লেখ আছে যে, যদি কোনো দল ধারাবাহিকভাবে ৬ বছর নির্বাচনে অংশগ্রহণ না করে, তবে সেই দলকে নিবন্ধিত দলের তালিকা থেকে বাদ দেওয়া হবে।
4. নির্বাচন ব্যবস্থাকে পরিষ্কার করার জন্য একটি বিস্তৃত ও ধারাবাহিক কৌশলের অংশ হিসাবে, ইসিআই ২০১৯ সাল থেকে সারাদেশে একটি প্রক্রিয়া চালাচ্ছে নিবন্ধিত অস্বীকৃত রাজনৈতিক দল (RUPPs) চিহ্নিত ও বাদ দেওয়ার জন্য, যারা গত ৬ বছর ধরে একটি নির্বাচনেও অংশ নেয়নি।
5. এই প্রক্রিয়ার প্রথম ধাপে, ৯ আগস্ট ২০২৫ তারিখে ইসিআই ৩৩৪টি আরইউপিপি বাদ দিয়েছিল।
6. এর ধারাবাহিকতায়, দ্বিতীয় ধাপে, ১৮ সেপ্টেম্বর ২০২৫ তারিখে, ইসিআই আরও ৪৭৪টি আরইউপিপি বাদ দিয়েছে যারা গত ৬ বছর ধরে ইসিআই পরিচালিত কোনো নির্বাচনে অংশ নেয়নি। এইভাবে গত ২ মাসে মোট ৮০৮টি আরইউপিপি বাদ দেওয়া হয়েছে। (সংযোজনী-এ)
7. এই উদ্যোগকে আরও এগিয়ে নিতে, ২৩টি ভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ৩৫৯টি আরইউপিপি শনাক্ত করা হয়েছে, যারা গত তিন অর্থবছর (২০২১-২২, ২০২২-২৩, ২০২৩-২৪)-এর বার্ষিক নিরীক্ষিত হিসাব নির্ধারিত সময়ের মধ্যে জমা দেয়নি এবং নির্বাচনে অংশগ্রহণ করলেও নির্বাচনী ব্যয়ের হিসাব দাখিল করেনি। (সংযোজনী-বি)
8. যাতে কোনো দল অযথা বাদ না যায়, সে জন্য সংশ্লিষ্ট রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী কর্মকর্তাদের (CEO) নির্দেশ দেওয়া হয়েছে এই আরইউপিপিগুলিকে শোকজ নোটিশ জারি করতে এবং পরবর্তীতে শুনানির সুযোগ দিতে।
9. কোনো আরইউপিপি বাদ দেওয়ার বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত ইসিআই নেয় সংশ্লিষ্ট সিইওদের প্রতিবেদন পর্যালোচনা করে।

২-এর পাতায়

সংযোজনী – এ

**দ্বিতীয় ধাপে বাদ দেওয়া আরইউপিপির রাজ্যভিত্তিক তালিকা**

| ক্র. নং | রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চল | আরইউপিপি সংখ্যা |
|---|---|---|
| 1 | আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ | 1 |
| 2 | অন্ধ্র প্রদেশ | 17 |
| 3 | আসাম | 3 |
| 4 | বিহার | 15 |
| 5 | চণ্ডীগড় | 1 |
| 6 | ছত্তীসগড় | 7 |
| 7 | দিল্লি | 40 |
| 8 | গোয়া | 4 |
| 9 | গুজরাট | 10 |
| 10 | হরিয়ানা | 17 |
| 11 | হিমাচল প্রদেশ | 2 |
| 12 | জম্মু ও কাশ্মীর | 12 |
| 13 | ঝাড়খণ্ড | 7 |
| 14 | কর্ণাটক | 10 |
| 15 | কেরল | 11 |
| 16 | মধ্যপ্রদেশ | 23 |
| 17 | মহারাষ্ট্র | 44 |
| 18 | মণিপুর | 2 |
| 19 | মেঘালয় | 3 |
| 20 | মিজোরাম | 2 |
| 21 | নাগাল্যান্ড | 2 |
| 22 | ওড়িশা | 7 |
| 23 | পাঞ্জাব | 21 |
| 24 | রাজস্থান | 17 |
| 25 | তামিলনাড়ু | 42 |
| 26 | তেলেঙ্গানা | 9 |
| 27 | ত্রিপুরা | 1 |
| 28 | উত্তর প্রদেশ | 121 |
| 29 | উত্তরাখণ্ড | 11 |
| 30 | পশ্চিমবঙ্গ | 12 |
| | | **মোট = 474** |

৩-এর পাতায়

সংযোজনী – বি

তৃতীয় ধাপে বাদ দেওয়ার জন্য শনাক্ত আরইউপিপির রাজ্যভিত্তিক তালিকা

| ক্র. নং | রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চল | আরইউপিপি সংখ্যা |
|---|---|---|
| 1 | অন্ধ্র প্রদেশ | 8 |
| 2 | আসাম | 2 |
| 3 | বিহার | 30 |
| 4 | চণ্ডীগড় | 1 |
| 5 | ছত্তীসগড় | 9 |
| 6 | দিল্লি | 41 |
| 7 | গুজরাট | 9 |
| 8 | হরিয়ানা | 11 |
| 9 | হিমাচল প্রদেশ | 1 |
| 10 | ঝাড়খণ্ড | 7 |
| 11 | কর্ণাটক | 13 |
| 12 | কেরল | 6 |
| 13 | মধ্যপ্রদেশ | 6 |
| 14 | মহারাষ্ট্র | 1 |
| 15 | ওড়িশা | 6 |
| 16 | পাঞ্জাব | 11 |
| 17 | রাজস্থান | 7 |
| 18 | সিকিম | 1 |
| 19 | তামিলনাড়ু | 39 |
| 20 | তেলেঙ্গানা | 10 |
| 21 | উত্তর প্রদেশ | 127 |
| 22 | উত্তরাখণ্ড | 2 |
| 23 | পশ্চিমবঙ্গ | 11 |
| | | মোট = **359** |

ভারতের নির্বাচন কমিশন থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****